# ট্রাম্পের প্রেস সেক্রেটারির পদ ছাড়ছেন ক্যারোলিন লেভিট



ট্রাম্পের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট। ছবি: সংগৃহীত

হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারির দায়িত্ব থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন ক্যারোলিন লেভিট। চলতি আগস্টের শেষ দিকে ২৮ বছর বয়সী এই কর্মকর্তা পদ ছাড়বেন বলে জানিয়েছে বিবিসি।

লেভিট জানিয়েছেন, দুই সন্তান ও পরিবারের সঙ্গে আরও বেশি সময় কাটানোর ইচ্ছা থেকেই তিনি এ সিদ্ধান্ত নিয়েছেন। গত মে মাসে তিনি দ্বিতীয় সন্তানের মা হন।

২০২৫ সালে প্রেস সেক্রেটারি হিসেবে দায়িত্ব নেওয়ার পর হোয়াইট হাউসের ইতিহাসে সবচেয়ে কম বয়সী এই পদধারী হিসেবে পরিচিতি পান লেভিট। দায়িত্ব পালনের সময় তিনি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঘনিষ্ঠ ও আস্থাভাজন কর্মকর্তাদের একজন ছিলেন।

নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক বার্তায় ট্রাম্প লেভিটের প্রশংসা করে তাকে হোয়াইট হাউসের ইতিহাসের অন্যতম সেরা প্রেস সেক্রেটারি হিসেবে উল্লেখ করেছেন।

পদ ছাড়ার পরও লেভিট ট্রাম্পের অন্যতম শীর্ষ উপদেষ্টা হিসেবে কাজ করবেন বলে জানিয়েছেন প্রেসিডেন্ট। পাশাপাশি রিপাবলিকান পার্টির কার্যক্রমেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন বলে জানান ট্রাম্প।

তবে লেভিটের স্থলাভিষিক্ত হিসেবে কে দায়িত্ব নিতে যাচ্ছেন, সে বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত জানানো হয়নি।